




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৯৯

তারিখঃ ০৩/০৪/২০১৭ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের স্মারক নং-৬৮, তাঃ- ০২/০২/২০১৭ মূলে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার বারবার নির্দেশনা প্রদান করা হলেও অধিকাংশই সঠিকভাবে প্রেরণ করেন নি। তাই শেষবারের মত নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে মাঠ সংগঠকগণ সুফলভোগী হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত অর্থ সঠিকভাবে জমা প্রদান করছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা’গণ প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি দৈবচয়নের ভিত্তিতে নির্বাচনপূর্বক পরিদর্শন করবেন। পরিদর্শনকৃত সমিতির সদস্যের হিসাব সরেজমিনে যাচাইপূর্বক সঠিক না ভুল তা WCS এ লাল কালি দিয়ে উল্লেখ করবেন এবং যে সকল সদস্য উপস্থিত থাকবে শুধুমাত্র তাদের হিসাব যাচাই করে স্ব স্ব নামের পার্শ্বে স্বাক্ষর নিবেন। লাল কালি দিয়ে চিহ্নিত WCS এআরডিও প্রত্যয়ন করবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা তা প্রতিস্বাক্ষর করবেন। পরবর্তীতে উক্ত WCS এর ফটোকপি করে তা অফিসে সংরক্ষণ করবেন এবং মূল কপি মাসিক পরিদর্শন প্রতিবেদনের সাথে সংযুক্ত করে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করবেন। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে WCSসহ পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তি নিশ্চিত স্বাপেক্ষে বেতন ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

০১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা., জেলাঃ.....।
০৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা., জেলাঃ.....।
০৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।